



'সমানো মন্ত্র: সমিতি: সমানী'

UNIVERSITY OF NORTH BENGAL
B.A. Honours 4th Semester Examination, 2022

SEC1-P2-BENGALI

Time Allotted: 2 Hours

Full Marks: 60

The figures in the margin indicate full marks.

বিভাগ-ক

১। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ

৩×৪ = ১২

- (ক) অনুবাদ করার সময় কোন্ কোন্ বিষয়ে খেয়াল রাখতে হয় ?
- (খ) কাল্পনিক সংলাপ বলতে কী বোঝায় ?
- (গ) বিজ্ঞাপনের মাধ্যমে কী করা হয় ?
- (ঘ) পত্র কয় প্রকার ও কী কী ?
- (ঙ) প্রফ রিডিং-এর ক্ষেত্রে মেনে চলা হয় এমন তিনটি বিষয় লেখো।
- (চ) প্রতিবেদন রচনা বলতে কী বোঝায় ?

বিভাগ-খ

২। নিম্নলিখিত যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাওঃ

৬×৪ = ২৪

- (ক) করোনা ভাইরাসকে প্রতিরোধ করার উপায় ও পদ্ধতি নিয়ে একজন চিকিৎসক ও সাংবাদিকের মধ্যকার কাল্পনিক কথোপকথন রচনা করো।
- (খ) “জলই জীবন” – জলের যথার্থ ব্যবহার ও জল সংরক্ষণের পদ্ধতি সম্পর্কে একটি প্রতিবেদন রচনা করো।
- (গ) যথার্থ বানানবিধি অনুযায়ী প্রফ সংশোধন করোঃ

প্রফ কপিঃ

শব থপ হারাবার পর
বুজি মেলে খোঁজ আননার
একদিন খেওনা হায়িয়ে
চনা মুখ সহড় ছড়িয়ে
অ জানা পাস্তুরেই
ইকটা সিমুলি আর আকাশ যেকাণে
মুখোমুখি চায় পরস্পর

মূল কপিঃ

সব পথ হারাবার পর
বুঝি খোঁজ মেলে আপনার।
একদিন যেওনা হারিয়ে
চেনামুখ শহর ছাড়িয়ে
অজানা প্রান্তরে,
একটা শিমূল আর আকাশ যেখানে
মুখোমুখি চায় পরস্পরে।

- (ঘ) তোমাদের মহাবিদ্যালয়ে একটি রক্তদান শিবিরের আয়োজন করা হয়েছে। এ বিষয়ে প্রচারের জন্য একটি বিজ্ঞাপনের খসড়া প্রস্তুত করো।
- (ঙ) দ্রব্যমূল্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধির জন্য সাধারণ মানুষের নাভিশ্বাস উঠে গেছে, এ বিষয়ে সংবাদপত্র সম্পাদকের কাছে একখানি পত্র লেখো।
- (চ) বঙ্গানুবাদ করোঃ

One of the most famous of the early travellers of the world was Marco Polo. He was born in Venice in 1254 AD. When Marco Polo was a boy of fifteen, his father decided to go to China.

বিভাগ-গ

৩। নিম্নলিখিত যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাওঃ

১২×২ = ২৪

- (ক) প্রবন্ধ প্রস্তুত করোঃ ‘কবি রবীন্দ্রনাথ ঠাকুর’।
- (খ) বর্তমান যুবসমাজের উপর মোবাইল ও ইন্টারনেটের সুদূরপ্রসারী প্রভাব সম্পর্কে প্রবন্ধ রচনা করো।
- (গ) ভাবসম্প্রসারণ করোঃ

“সে লড়াই ঈশ্বরের বিরুদ্ধে লড়াই
যে যুদ্ধে ভাইকে মারে ভাই।”

- (ঘ) তোমার এলাকায় যত্রতত্র প্লাস্টিক ছড়িয়ে থাকার সমস্যা দূর করার আবেদন জানিয়ে উপযুক্ত কর্তৃপক্ষের নিকট আবেদনপত্রের একটি খসড়া প্রস্তুত করো।

—x—